



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
খুলনা।


স্মারক নং - ৩৮.০১.৪৭০০.০০০.১১.০০২.২৩. ২৮-০

তারিখ : ২৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (রাজস্ব) নিয়োগ ২০২৫ এর পরীক্ষার ফলাফল ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। খুলনা জেলায় নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নবর্ণিত ডকুমেন্টসসমূহ নির্ধারিত তারিখের মধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, খুলনায় জমা প্রদান করতে হবে:

- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীকে আগামী ২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ হতে ২৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে জেলার সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন ও ডোপটেস্ট রিপোর্ট সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে দাখিল করতে হবে। স্বাস্থ্যগত সনদে প্রার্থী কোন দৈহিক বৈকল্যে ভুগছেন কিংবা উল্লিখিত পদে নিয়োগযোগ্য নয় মর্মে উল্লেখ থাকলে তিনি নিয়োগের জন্য বিবেচিত হবেন না মর্মে সিদ্ধান্ত রয়েছে।
- তৎপ্রেক্ষিতে নির্বাচিত প্রার্থীগণকে আগামীকে ২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ হতে ০১ মার্চ ২০২৬ খ্রি. তারিখের মধ্যে পরিচিতি প্রতিপাদন ও সকল ডকুমেন্টস যাচাইয়ের নিমিত্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সকল মূল সনদ(সকল সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, ০৩ (তিন) কপি পুলিশ ভেরিফিকেশন ফরম (যথাযথভাবে পূরণকৃত), সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন এবং ডোপটেস্ট রিপোর্ট ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সনদসহ) সশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে।
- কোন প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে পূর্ব কার্যকলাপ সন্তোষজনক না হলে কিংবা নাশকতা/সন্ত্রাসী/জঙ্গি কার্যক্রমে সংশ্লিষ্ট কিংবা রাষ্ট্র বিরোধী কোন কার্যক্রমে লিপ্ত ছিলেন মর্মে প্রতীয়মান হলে তিনি চাকুরিতে অনুপযুক্ত বলে গন্য হবেন।
- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে উপরে বর্ণিত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ প্রদান, সকল মূল সনদসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসে উপস্থিত হতে না পারলে এবং পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফর্ম প্রদানে ব্যর্থ হলে পরবর্তীতে তিনি নিয়োগের জন্য বিবেচিত হবেন না।


শেখ আহিদুল আলম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
খুলনা।